ধর্মভিত্তিক আইন: ভারতে সহিংসতায় নিহত বেড়ে ১৯, আহত ১৫০

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সফরের মধ্যে নাগরিকত্ব আইন সংশোধন নিয়ে ভারতের রাজধানী দিল্লিতে যে সংঘাতের সূত্রপাত হয়েছিল, তা আরও ব্যাপক আকার ধারণ করেছে।

ধর্মভিত্তিক নাগরিকত্ব আইনবিরোধী বিক্ষোভে হামলায় সবমিলিয়ে ১৯ জন নিহত হয়েছেন। বুধবার হাসপাতালের এক জ্যেষ্ঠ কর্মকর্তারা বরাতে বার্তা সংস্থা রয়টার্স এমন খবর দিয়েছে।

নয়াদিল্লির দাঙ্গাকবলিত এলাকাগুলোতে এখন রহস্যময় নিস্তব্দতা বিরাজ করছে। গুরু তেগ বাহাদুর হাসপাতালের এক কর্মকর্তা বলেন, এখানে ১৫ রোগীর অবস্থা খুবই আশঙ্কাজনক। এই হাসপাতালে সর্বমোট ১৯ জন নিহত হয়েছেন।

পুলিশ কাঁদানে গ্যাস ও স্মোক গ্রেনেড নিক্ষেপ করলেও বিক্ষোভকারীদের নিয়ন্ত্রণ করতে পারছে না পুলিশ।

ভারতে মুসলমান বিক্ষোভকারীদের ওপর ভারী কুঠার, লোহার রড নিয়ে ঝাঁপিয়ে পড়েন হিন্দুত্ববাদীরা। মঙ্গলবার দ্বিতীয় দিনের মতো প্রাণঘাতী এই সহিংসতায় ধর্মভিত্তিক নাগরিকত্ব আইনবিরোধী বিক্ষোভকারীদের ওপর তারা পাথর নিক্ষেপ ও গুলিও করেন।

মুসলিমবিদ্বেষী এই দাঙ্গায় মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ভারত সফরও ম্লান হয়ে গেছে। গত ডিসেম্বরে ধর্মভিত্তিক নাগরিকত্ব আইনের বিরুদ্ধে এই বিক্ষোভ শুরু হয়। এর পর এটিই সবচেয়ে বড় সহিংসতার ঘটনা বলে খবরে জানা গেছে।

সপ্তাহের শেষে শুরু হওয়া এই সহিংসতা সোমবারে মারাত্মক প্রাণঘাতী রূপ নেয়। মঙ্গলবার উত্তরপূর্ব দিল্লির বেশ কয়েকটি এলাকায় নতুন করে সহিংসতা শুরু হয়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও ডোনাল্ড ট্রাম্প যেখানে আলোচনা করতে বসেছেন, সেখান থেকে মাত্র কয়েক মাইল দূরে এই প্রাণঘাতী সহিংসতা দেখা গেছে।

নাগরিকত্ব সংশোধনী আইনের বিরুদ্ধে বিক্ষোভের কেন্দ্রবিন্দুতে

উত্তরপূর্ব নয়াদিল্লিতে ফল-সবজির দোকান ও মাজারে হিন্দুত্ববাদীরা আগুন ধরিয়ে দিলে কালো ধোঁয়া বের হতে দেখা গেছে।

সুত্র-যুগান্তর

ট্রাম্পের সফরের মধ্যেই দিল্লিতে পুলিশসহ নিহত ৫

ট্রাম্পের সফরের মধ্যেই দিল্লিতে সংঘর্ষে পুলিশসহ নিহত ৫
মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সোমবার প্রথমবার ভারত সফরে এসেছেন। কিন্তু এর মধ্যেই দিল্লিতে নাগরিকত্ব আইনের পক্ষে-বিপক্ষে বিক্ষোভকারীদের সংঘর্ষে রণক্ষেত্র হয়ে উঠে উত্তর-পূর্ব দিল্লির বিভিন্ন এলাকা।

এ ঘটনায় এক পুলিশসহ ৫ জন নিহত হয়েছে। আহত হয়েছেন কমপক্ষে ১০০ জন। খবর এনডিটিভি ও বিবিসির।

এই নিয়ে গত ২৪ ঘণ্টায় দ্বিতীয়বার রণক্ষেত্র হলো দিল্লির রাজপথ। নাগরিকত্ব আইনের পক্ষে-বিপক্ষে বিক্ষোভকারীদের বিরুদ্ধে পাথর ছোড়া, যানবাহনে অগ্নিসংযোগ এবং দোকানে আগুন লাগিয়ে দেয়ার অভিযোগ ওঠে।

এর আগে রোববার নাগরিকত্ব আইনের পক্ষে সভা করেন বিজেপি নেতা কপিল মিশ্র। তখন প্রথমবার নাগরিকত্ব আইনের পক্ষে-বিপক্ষে বিক্ষোভকারীদের সংঘর্ষ বেধে যায়।

ফলে রণক্ষেত্রে পরিণত হলো দিল্লির বিভিন্ন এলাকা। পরে পরিস্থিতি

সামাল দিতে নামানো হয় আধাসামরিক বাহিনী। ওই এলাকায় বড় জমায়েতে নিষেধাজ্ঞা জারি করা হয়।

এ ছাড়া রোববার বিকালে জাফরাবাদে সংঘর্ষ ছড়িয়ে পড়ে। শনিবার রাত থেকে সেখানে জড়ো হন প্রায় শতাধিক নারী এবং নাগরিকত্ব আইনের বিরুদ্ধে বিক্ষোভ দেখান তারা।

সোমবার সন্ধ্যায় কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব অজয় ভাল্লা বলেন, বর্তমানে পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়েছে, উদ্ভূত পরিস্থিতির দিকে নজর রাখা হয়েছে।

উত্তর-পূর্ব দিল্লির চাঁদবাগে নিহত হন পুলিশের হেড কনস্টেবল রতন লাল। গোকুলপুরীতে এক ডেপুটি পুলিশ কমিশনার আহত হন।

সোমবার দিনভর সংঘর্ষের বিভিন্ন ভিডিও প্রকাশ্যে আসে। সন্ধ্যায় ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা গেছে, গোকুলপুরীতে বাজারে আগুন জ্বলছে।

সংঘর্ষের আরেকটি ভিডিওতে দেখা গেছে যে, ভজনপুরা, মৌজপুর, জাফরাবাদে যানবাহন ও দোকানপাটে আগুন জ্বলতে।

ভজনপুরায় একটি পেট্রলপাম্পে নাগরিকত্ব আইনের বিরুদ্ধে বিক্ষোভকারীরা পেট্রল বোমা ছুড়লে আগুন ধরে যায়।

জাফরাবাদে লাল শার্ট পরা এক ব্যক্তিকে নিরস্ত্র দিল্লি পুলিশ কর্মকর্তার দিকে যেতে দেখা গেছে। তার হাতে বন্দুক ছিল বলে দেখা গেছে।

অন্য একটি ভিডিওতে দেখা গেছে, কংক্রিটের ডিভাইডার ভেঙে একে অপরের দিকে ছুড়তে। আরেকটি ভিডিওতে ‘জয় শ্রী রাম’ স্লোগান শোনা গেছে। শনিবার রাতে জাফরাবাদে বিক্ষোভ শুরু করেন প্রায় এক হাজারের বেশি নারী।

উত্তর-পূর্ব দিল্লিতে ১৪৪ ধারা জারি করে বড় জমায়েতে নিষেধাজ্ঞা দেয়া হয়েছে। এ ছাড়া দিল্লি পুলিশের সদর দফতরের বাইরেও ১৪৪ ধারা জারি করা হয়।

এদিন জেএনইউর শিক্ষার্থীরা সংঘ পুলিশের শান্তিপূর্ণ বিক্ষোভে নির্মম আচরণ এবং উত্তর-পূর্ব দিল্লিতে সংঘর্ষের ঘটনায় বিক্ষোভ

মিছিল করেন।

দিল্লি পুলিশ কর্মকর্তার মৃত্যুতে দুঃখ প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল। সংঘর্ষের ঘটনাকে খুবই দুঃখজনক বলে মন্তব্য করেছেন তিনি। পাশাপাশি আইনশৃঙ্খলা, শান্তি ও সম্প্রীতি ফেরানোর জন্য কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে অনুরোধ করেছেন দিল্লির মুখ্যমন্ত্রী। দিল্লি পুলিশ রয়েছে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে।

দিল্লির উপরাজ্যপাল অনিল বায়জল বলেন, তিনি আইনশৃঙ্খলা ফেরানোর জন্য দিল্লি পুলিশকে নির্দেশ দিয়েছেন।

পরিস্থিতির দিকে কঠোর নজর রাখা হয়েছে। আমি সবাইকে শান্তি ও সম্প্রীতি বজায় রাখার আহ্বান জানাচ্ছি।

সোমাবর সংঘর্ষ চলাকালে সন্ধ্যা সাড়ে ৭টার কিছু আগে দিল্লি পৌঁছান মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। আহমেদাবাদের সর্দার প্যাটেল স্টেডিয়ামে ভারতকে সব ধর্মাবলম্বীর দেশ বলে মন্তব্য করেন।

সূত্র-যুগান্তর

মক্কা নিয়ে গান, সৌদির নারী শিল্পীকে আটকের নির্দেশ

ইসলামের পবিত্র নগরী মক্কা নিয়ে গান গেয়ে আটক হতে যাচ্ছেন সৌদি আরবের নারী শিল্পী আয়াসেল স্লে।

মক্কার পবিত্রতা নষ্টের অভিযোগে তাকে আটকের নির্দেশ দিয়েছে সৌদি প্রশাসন।

রোববার র্যা পার আয়াসেল স্লেকে আটকের নির্দেশ দেন মক্কার গভর্নর।

কাতারভিত্তিক সংবাদমাধ্যম আলজাজিরা জানিয়েছে, মক্কা নিয়ে গানের ভিডিও ধারণের কারণে আয়াসেল স্লেকে আটকের নির্দেশ দেয়া হয়েছে।

শুধু আটকের নির্দেশই নয়, আয়াসেলের ব্যক্তিগত ইউটিউব চ্যানেলে আপলোড করা ওই ভিডিওটি মুছে দিয়েছে সৌদি প্রশাসন।

সম্প্রতি মক্কা নিয়ে একটি গান গেয়ে এর ভিডিওচিত্র প্রচার করেন আয়াসেল স্লে। নিজের ইউটিউব পেজে আপলোড করেন গানটি। তার সেই গানের নাম তার বিনতে মক্কা বা মক্কার মেয়েরা।

এর আগে ভিডিওটির প্রসঙ্গে গত ২০ ফেব্রুয়ারি মক্কা কর্তৃপক্ষ এক টুইটার বার্তায় জানিয়েছিল, এমন ভিডিও প্রকাশ করে মক্কার সংস্কৃতি ও ঐতিহ্য নষ্ট করা হয়েছে। সে জন্য র্যা পার এবং ভিডিও প্রোডাকশন টিমকে আটকের নির্দেশ দিয়েছেন প্রিন্স খালিদ বিন ফয়সাল।

কী দেখানো হয়েছিল ওই ভিডিওটিতে?

আলজাজিরা জানিয়েছে, ওই ভিডিওতে একটি ক্যাফেতে আরও কয়েকজন সহশিল্পীর সঙ্গে র্যা প গাইতে দেখা যায় স্লেকে। গানের কথায় বলা হয়, কেন সৌদি আরবের অন্যান্য শহরের নারীর চেয়ে মক্কার নারীরা বেশি সুন্দর ও সাহসী। অন্যসব নগরীর নারীদের চেয়ে মক্কার নারীরা বেশ এগিয়ে। তাদের সঙ্গে বিয়ে হলে সৌদি পুরুষরা লাভবান হবেন।

সুত্র-যুগান্তর

দ. কোরিয়ায় দিন গেলেই করোনা

[redacted]

[redacted] [redacted] [redacted] [

চেষ্টা করা হচ্ছে কিভাবে, কার সূত্রে তাদের এতজন সদস্য করোনায় আক্রান্ত হলেন।

জানা গেছে, চোংডোতে দিন ১৫ আগে শিনচিওঞ্জি সম্প্রদায়ের প্রতিষ্ঠাতার ভাইয়ের মৃত্যুর শেষকৃত্যে কয়েক হাজার মানুষ অংশ নেন। তারপরই ওই সম্প্রদায়ের পাঁচশ’রও বেশি অনুসারী ভাইরাসে আক্রান্ত হওয়ার নানা উপসর্গের কথা জানায়। দায়েগু, চোংডোসহ আশপাশের এলাকাগুলোতে বিশেষ ব্যবস্থা জারি করা হয়েছে। কর্তৃপক্ষ এ দুই শহরের লোকজনকে জরুরি প্রয়োজন ছাড়া বাইরে না বের হওয়ার পরামর্শ দিয়েছে।

সুত্র-যুগান্তর

ট্রাক থেকে পড়ে যাওয়া কন্টেইনারে বাসের সংঘর্ষ, নিহত ১৯ যাত্রী

ভারতের তামিলনাডুতে বিপরীত দিক থেকে আসা একটি ট্রাক থেকে কন্টেইনার খসে পড়ে একটি যাত্রীবাহী বাসে আঘাত করলে ১৯ জন নিহত হয়েছেন।

কোইমবাতোর এলাকায় এই দুর্ঘটনায় এছাড়াও ২৩ জন আহত হন। মৃতের সংখ্যা বাড়তে পারে বলে জানিয়েছে পুলিশ। আহতদের হাসপাতালে ভর্তি করা হয়েছে।- খবর এনডিটিভির

রাজ্য পরিবহনমন্ত্রী এক সাসেন্দ্রান বলেন, কেরালা সরকারপরিচালিত ভলভো বাসটিতে পঞ্চাশজনের আসন ছিল। যাত্রীরা কর্নাটকের ব্যাঙ্গালুরু থেকে ইরনাকুলামে যাচ্ছিলেন।

ঘটনাস্থলে গিয়ে দেখা গেছে, সাদা বাসটির ডানপাশটি পুরোপুরি ধ্বংস হয়ে গেছে। চালকের বসার জায়গাও বিধ্বস্ত। একপাশে কাত হয়ে পড়ে আছে বাসটি।

প্রতিবেদকরা বলছেন, বেপরোয়া গতির ট্রাকটির টায়ারে বিস্ফোরণ ঘটলে সেটি থেকে কন্টেইনার আলাদা হয়ে সড়কে পড়ে যায়। বাসের সঙ্গে ধাক্কা খাওয়ার আগে সেটি রাস্তায় গড়াগড়ি খাচ্ছিল।

বিধ্বস্ত বাসের ভেতরে আটকাপড়া যাত্রীদের উদ্ধারের চেষ্টা করা হচ্ছে।

সুত্র-যুগান্তর

মেপ্র/আরজেএম

করোনাভাইরাসে মৃতের সংখ্যায় যোগ হলো আরও ১০৮

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে মৃত্যুর মিছিলে যোগ দেয়া থামছেই না। দুদিন আগেই মৃতের সংখ্যা দুই হাজার ছাড়িয়েছে। মঙ্গলবার চীনে ১৩৬ জনের মৃত্যুসহ মৃত মানুষের সংখ্যা বেড়ে হয় ২ হাজার ৪ জন।

আর বুধবারের পর নতুন করে মারা গেছেন ১০৮ জন। সে হিসাবে শেষ খবর পাওয়া পর্যন্ত নভেল করোনায় বিশ্বজুড়ে মারা গেছেন দুই হাজার ১১২ জন।

এদের মধ্যে কেবল চীনেই মারা গেছেন ২০২৯ জন।

চীনের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা জিনহুয়া নিউজ এজেন্সি জানায়, বুধবার নতুন করে মারা গেছেন ১০৮ জন। আক্রান্ত হয়েছেন ৩৪৯ জন। হাসপাতাল থেকে ছাড়া পেয়েছেন ১২০৯ জন। সব মিলিয়ে আক্রান্ত হয়েছেন ৭৫ হাজার ৭২৫ জন।

ডিসেম্বরের পর এখন পর্যন্ত এই রোগ থেকে মুক্তি পেয়ে বাড়ি ফিরেছেন ১৬ হাজার ৩৩০ জন।

তবে এমন মৃত্যুর খবরের পরও চীনা প্রেসিডেন্ট শি জিনপিং দাবি করেছেন, ভাইরাস মোকাবেলায় দৃশ্যমান অগ্রগতি হয়েছে।

মঙ্গলবার ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসনের সঙ্গে এক ফোনালাপে তিনি বলেন, ‘মহামারী নিয়ন্ত্রণে চীনের দক্ষ ও ব্যাপক পদক্ষেপের কারণে পরিস্থিতির উন্নতি হয়েছে।

যতিও চীনের শীর্ষস্থানীয় বিজ্ঞানী ওয়াং চেন উল্টো কথাই জানিয়েছেন।

বৃহস্পতিবার তিনি বলেছেন, এই ভাইরাসটি ফ্লুর মতো স্থায়ী রোগে রূপ নিতে পারে। এ জন্য গোটা পৃথিবীকে সতর্ক থাকার পরামর্শ দিচ্ছি আমি।

উল্লেখ্য, করোনাভাইরাসের প্রাদুর্ভাব বিষয়ে বিশ্ব সংস্থাসহ বেশ কয়েকজন বিজ্ঞানী বলেছেন, কভিড-১৯ এ আক্রান্ত হলেই যে মৃত্যু অনিবার্য তা কিন্তু নয়। যাদের রোগ প্রতিরোধ ক্ষমতা ভালো তাদের দেহে এ জীবাণু তেমন প্রভাব ফেলতে পারে না। কিছু দিন পর এমনিতেই সেরে যেতে পারে রোগটি।

তবে ডায়াবেটিস, কিডনি, হৃদযন্ত্র বা ফুসফুসের পুরনো রোগীদের ক্ষেত্রে করোনাভাইরাসটি মারাত্মক জটিলতা দেখা দিতে পারে। এটি মোড় নিতে পারে নিউমোনিয়া, রেসপিরেটরি ফেইলিউর বা কিডনি অকার্যকারিতার দিকে। পরিণতিতে ঘটতে পারে মৃত্যু।

এদিকে করোনাভাইরাস মোকাবেলায় সুসংবাদ দিয়েছে চীনের ন্যাশনাল হেলথ কমিশন।

কমিশনের দাবি, সংক্রমণের হার দ্রুতই কমে আসছে। এমনকি ভাইরাসটি আঁতুড়ঘর উহানে গত দুই সপ্তাহ ধরে সংক্রমণের সংখ্যা কমছে।

এ বিষয়ে সরকারপন্থী সংবাদমাধ্যম গ্লোবাল টাইমসের সম্পাদক হু শিন

এক টুইটার বার্তায় বলেন, ‘করোনা মোকাবেলায় চীন এখন বিজয়ের পথে। হুবেইপ্রদেশের বাইরে আক্রান্তের সংখ্যা ১০০-এর নিচে নেমে এসেছে।

সুত্র-যুগান্তর

মেপ্র/আরজেএম

চিকিৎসা অবহেলায় করোনাভাইরাস রোগীর আত্মহত্যা

দেশের শীর্ষ কর্মকর্তারা স্থানীয়দের পরিস্থিতি আড়াল করার পর করোনাভাইরাসে আক্রান্ত হয়ে উহানে নিজ বাড়িতে এক নাগরিক আত্মহত্যা করেছেন।

সরকারি নোটিসে বলা হয়েছে, এই ব্যক্তি ফলপ্রসূ চিকিৎসা না পাওয়ায় এমন মর্মান্তিক ঘটনা ঘটেছে। এ ঘটনায় শহরটির জেনক্যাং এলাকার চার কর্মকর্তাকে বরখাস্ত করা হয়েছে।-খবর ডেইলি মেইলের

উহানের সুপারভাইজরি কমিশন এই ঘটনা উদঘাটন করেছে। এক বিবৃতিতে কর্তৃপক্ষ বলছে, কিয়াওকোউ জেলার চ্যাংফ্যাং অ্যাভিনিউতে বসবাস করতেন চেং নামের ওই ব্যক্তি। সেখানকার কর্মকর্তারা ওই আক্রান্ত ব্যক্তির স্বাস্থ্য নিয়ে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে রিপোর্ট করেনি। যদিও তারা জানতেন যে তিনি করোনাভাইরাসে সম্ভাব্য আক্রান্ত হয়েছেন।

অবহেলার কারণে স্থানীয় কর্তৃপক্ষ তার সঠিক চিকিৎসা করেনি। পরে গলায় ফাঁস লাগিয়ে তিনি আত্মহত্যা করেন।

কিন্তু চেং কখন এই আত্মহননের পথ বেছে নিয়েছেন, তা উল্লেখ করা হয়নি সরকারি প্রতিবেদনে। এতে যে সমাজে বড় ধরনের নেতিবাচক প্রভাব পড়েছে তা স্বীকার করা হয়েছে।

এদিকে চীনে আরও ৯৮ জনের মৃত্যুর মধ্য দিয়ে নতুন করোনাভাইরাসে মৃতের সংখ্যা বেড়ে ১৮৭৩ জনে দাঁড়িয়েছে। তবে জানুয়ারির পর থেকে সোমবারই প্রথম চীনের মূল ভূখণ্ডে নতুন আক্রান্তের সংখ্যা নেমে এসেছে দুই হাজারের নিচে।

চীনের জাতীয় স্বাস্থ্য কমিশন বলছে, দেশটির মূল ভূখণ্ডে রোববার আরও এক হাজার ৮৮৬ জনের শরীরে নতুন করোনাভাইরাসের সংক্রমণ ধরা পড়েছে। আগের দিন নতুন রোগীর সংখ্যা ছিল দুই হাজার ৪৮ জন।

সব মিলিয়ে চীনে আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ৭২ হাজার ৪৩৬ জনে। আর অন্তত ২৬টি দেশে এ ভাইরাস ছড়িয়ে পড়ায় বিশ্বে আক্রান্তের সংখ্যা ৭৩ হাজার ছাড়িয়ে গেছে।

সুত্র্র-যুগান্তর

মেপ্র/আরজেএম

পাকিস্তানে আত্মঘাতী হামলায় পুলিশসহ নিহত ১০

পাকিস্তানের বেলুচিস্তানপ্রদেশে পুলিশের গাড়িতে আত্মঘাতী বোমা হামলায় ২ পুলিশসহ ১০ জন নিহত হয়েছে।

এ ঘটনায় আহত হয়েছে কমপক্ষে ৩৫ জন। আহত কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে। খবর ডন ও এএফপির।

দেশটির দক্ষিণ-পশ্চিমের বেলুচিস্তানপ্রদেশের রাজধানী কোয়েটায় সোমবার এ হামলার ঘটনা ঘটে। তবে এ হামলার দায় এখন পর্যন্ত কেউ স্বীকার করেনি।

কোয়েটার পুলিশপ্রধান আবদুল রাজ্জাক চিমা জানান, শহরে একটি ধর্মীয় সমাবেশ ছিল। সমাবেশে ঢোকার মুখে সন্দেহভাজন এক ব্যক্তিকে পুলিশ আটকায়।

এ সময় হঠাৎ তিনি আত্মঘাতী বোমার বিস্ফোরণ ঘটালে ঘটনাস্থলেই ২ পুলিশসহ ১০ জন নিহত হন।

কোয়েটা হাসপাতালের এক কর্মকর্তা বলেন, আমরা এখন পর্যন্ত ১০ জনের মৃতদেহ পেয়েছি। আহত অবস্থায় ৩৫ জন ভর্তি হয়েছে, এদের মধ্যে অনেকের অবস্থা আশঙ্কাজনক।

প্রধানমন্ত্রী ইমরান খান বলেন, জঙ্গিদের পাকিস্তানে কোনো জায়গা নেই। অতীতে যাই ঘটুক না কেন, আমরা আফগানিস্তানে শান্তি চাই। এ বক্তব্যের কয়েক ঘণ্টা পরই এ হামলার ঘটনা ঘটে।

সুত্র-যুগান্তর

মেপ্র/আরজেএম

এশিয়ার বাইরে ইউরোপে করোনাভাইরাসে প্রথম মৃত্যু ফ্রান্সে

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে ইউরোপের প্রথম দেশ হিসেবে ফ্রান্সে গত শনিবার এক চীনা পর্যটকের মৃত্যু হয়েছে।

ফ্রান্সের স্বাস্থ্য মন্ত্রণালয় ওই চীনা নাগরিকের মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছে। করোনায় আক্রান্ত হয়ে এশিয়ার বাইরে এই প্রথম কোনো ব্যক্তির মৃত্যু হলো। খবর বিবিসির।

৮০ বছর বয়সী চীনা নাগরিক গত ১৬ জানুয়ারি ফ্রান্সে যান এবং ২৫ জানুয়ারি তাকে কোয়ারেন্টাইনে রাখা হয়।

চীনের মূল ভূখণ্ডের বাইরে এ নিয়ে মারা গেল মোট চারজন। এদের মধ্যে- হংকং, ফিলিপাইন, জাপান ও সর্বশেষ ফ্রান্সেও শনিবার মারা গেলেন একজন।

গত বছরের ডিসেম্বরে চীনের হুবেইপ্রদেশের রাজধানী উহান শহরের একটি বন্যপ্রাণীর বাজার থেকে ছড়িয়ে পড়ে প্রাণঘাতী করোনাভাইরাস। এখন পর্যন্ত অন্তত ৩০ দেশে শনাক্ত হয়েছে এই ভাইরাস।

চীনের সরকারি হিসাবে এ পর্যন্ত এই ভাইরাসে আক্রান্ত হয়ে মৃত্যুর সংখ্যা এক হাজার ৬৬৫ ছাড়িয়েছে। এ ছাড়া আক্রান্ত হয়েছেন আরও ৬৬ হাজারের বেশি মানুষ।

শুধু হুবেইপ্রদেশেই গতকাল শনিবার এক হাজার ৮৪৩ জন নতুন করে ভাইরাসটিতে আক্রান্ত হয়েছেন বলে জানায় কর্তৃপক্ষ।

সুত্র- যুগান্তর

মেপ্র/আরজেএম

করোনাভাইরাসের টিকা আবিষ্কার কত দূর?

চীনে করোনাভাইরাসে মৃতের সংখ্যা বেড়ে ১৫৩৩ জনে দাঁড়িয়েছে। এতে আক্রান্ত হয়েছেন ৬৬ হাজার ৪৯২ জন। এছাড়া নতুন করে আক্রান্ত হয়েছেন ২ হাজার ৬৪১ জন।

শনিবার চীনের মধ্য প্রদেশ হুবেইয়ের স্বাস্থ্য কর্মকর্তাদের বরাত

জিলিড, যুক্তরাষ্ট্রভিত্তিক বায়োটেক প্রতিষ্ঠান যারা এন্টি এইচআইভি ড্রাগ তৈরি করে তারা ঘোষণা করেছে যে, তারা রেমডিসিভির নামে একটি ওষুধ নিয়ে পরীক্ষা নিরীক্ষা চালাবে। অন্যদিকে কালেট্রা চীনে একজন রোগীকে নিয়ে গবেষণা করছে। তবে দুটি পরীক্ষাতেই বিদ্যমান ওষুধই ব্যবহার করা হচ্ছে।

কোভিড-১৯ এর জন্য টিকা খুঁজতে কোম্পানিগুলোকে উৎসাহিত করতে চ্যারিটেবল ডোনেশন ব্যবহার করা হচ্ছে।

এর মধ্যে একটি হলো অলাভজনক সংস্থা দ্য কোয়ালিশন ফর এপিডেমিক প্রিপেয়ারডসেন ইনোভেশন বা সিইপিআই। এর যৌথ প্রতিষ্ঠাতাদের মধ্যে আছে নরওয়ে ও ভারত সরকার, বিল ও মেলিন্ডা গেটস ফাউন্ডেশন এবং দা ওয়েলকাম ট্রাস্ট।

সিইপিআই ইনোভিও ফার্মাসিউটিক্যালস ও মডার্নার ভ্যাকসিন ডেভেলপমেন্ট কর্মসূচিতে সহায়তা করছে। আর বড়দের মধ্যে জিএসকে তাদের হাতে থাকা প্রযুক্তি দিয়ে সিইপিআইকে সহযোগিতার কথা জানিয়েছে।

টিকার ক্ষেত্রে বিক্রির অনুমতি পাওয়ার আগে অনেক সময় লম্বা সময় ধরে হাজার মানুষের ওপর পরীক্ষার প্রয়োজন হয়।

যদিও ২০০২ ও ২০০৩ সালে সার্সের সময় কোনো টিকাই আনা যায়নি এবং সার্সের জন্য এখনও কোনো টিকা নেই। ইউএস ন্যাশনাল ইন্সটিটিউট অব অ্যালার্জি অ্যান্ড ইনফেকশাস ডিজিজের ডিরেক্টর ড. অ্যান্থনি ফৌচি বলছেন, কোনো বড় কোম্পানিই এগিয়ে এসে বলেনি যে তারা কোভিড-১৯ এর ভ্যাকসিন তৈরি করবে। এটা খুব হতাশাজনক।

তার মতে, কোভিড-১৯ এর ভ্যাকসিন আসতে অন্তত এক বছর সময় লাগবে। তবে বিশ্ব স্বাস্থ্য সংস্থা আশা করছে দেড় বছরের মধ্যে এ ভ্যাকসিন বাজারে আসবে।

তথ্যসূত্র: বিবিসি বাংলা